গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৩

**সরকারি বিধি-বিধান শতভাগ মেনে চলতে হবে**
**- প্রধান তথ্য অফিসার**

রাজশাহী; ৩০ আশ্বিন (১৫ অক্টোবর):

তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসার মো. নিজামূল কবীর বলেছেন, সরকারি চাকরিতে নিয়ুক্ত থাকাকালীন সরকারি বিধি-বিধান পুরোপুরি মেনে চলতে হবে। অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হতে হবে।

আজ (১৫ অক্টোবর) রাজশাহী পিআইডি আয়োজিত গণকর্মচারীদের ৬০ জনঘণ্টা প্রশিক্ষণে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ নির্দেশনা প্রদান করেন। প্রধান তথ্য অফিসার বলেন, নাগরিকদের সেবা প্রাপ্তি নিশ্চিত করতে এবং সরকারি কাজে শৃঙ্খলা বজায় রাখতে সরকার বিভিন্ন সময় বিভিন্ন রকম বিধি-বিধান প্রণয়ন করে। এসব বিধান মেনে চললে কাজে যেমন স্বচ্ছতা থাকে জনগণও তেমন কাঙ্ক্ষিত সেবা পায়।

এ সময় তিনি নবীন কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব পালনে আরও সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন।

রাজশাহী পিআইডির কর্মকর্তা-কর্মচারীরা এ অভ্যন্তরীণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

...................................................
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৪:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd